

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।

স্মারক নং: ওএম/১০৩-সম(অংশ-৪)/২০১৩/ ২৭০৬

তারিখ: ২৬/১১/২০১৭ খ্রি.

ঢাকা মহানগরীর সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

২০১৮ শিক্ষাবর্ষের ঢাকা মহানগরীর সরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহে নির্দিষ্ট শূণ্য আসনে প্রথম শ্রেণিতে লটারির মাধ্যমে, দ্বিতীয় থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত লিখিত পরীক্ষা এবং নবম শ্রেণিতে জেএসসি/জেডিসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর ভিত্তিতে যোগ্য শিক্ষার্থী ভর্তি করা হবে। ঢাকা মহানগরীর ৩৫টি সরকারি মাধ্যমিক বিদ্যালয় ও ৩টি সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে সংযুক্ত ফিডার শাখার কর্তৃপক্ষ কর্তৃক বিস্তারিত বিজ্ঞপ্তি বিদ্যালয়ের নোটিশ বোর্ডে দেয়া হয়েছে।

বরাবরের মত মুক্তিযোদ্ধার সন্তান, নাতি-নাতনি, প্রতিবন্ধি শিক্ষার্থী, শিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীর সন্তান(অর্থাৎ বাংলাদেশ সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ে কর্মরত), সংশ্লিষ্ট এলাকার সরকারি মাধ্যমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কর্মচারীর সন্তান কোটায় আবেদন করার সুযোগ পাবেন। এছাড়া বিদ্যালয় সংলগ্ন ক্যাচমেন্ট এরিয়ার শিক্ষার্থীদের জন্য ৪০% কোটায় ভর্তির সুযোগ থাকবে। আবেদনকারীর পিতা/মাতা/অভিভাবক যদি সংশ্লিষ্ট থানার ভোটার হন অথবা কোন বাড়ী বা ফ্ল্যাটের মালিক হিসেবে বসবাসরত থাকেন অথবা কোন সরকারি বাসার এ্যালাউটি হন অথবা ভর্তি বিজ্ঞপ্তি জারির তারিখে ভাড়াটিয়া হিসেবে বসবাস করেন (ইউটিলিটি সার্ভিস এর প্রত্যয়ন সাপেক্ষে) সেক্ষেত্রে ক্যাচমেন্ট এলাকার বিদ্যালয়ে আবেদন করার সুযোগ পাবেন। গণভবন সরকারি উচ্চ বিদ্যালয়ের জন্য গণভবনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের জন্য ২% কোটা সংরক্ষিত থাকবে।

৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণির মোট আসনের ১০% কোটা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৫ম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত থাকবে।

কোন প্রতিষ্ঠানে আবেদনকারী শিক্ষার্থীর সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন যদি পূর্ব থেকে অধ্যয়নরত থাকে তবে আসন শূণ্য থাকা ও প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে ভর্তির ক্ষেত্রে অগ্রাধিকার পাবে। তবে এ সুবিধা কোন দম্পতির সর্বোচ্চ ০২(দুই) সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য হবে।

যে সকল শিক্ষার্থী কোটায় নির্বাচিত হবে তাদের ভর্তি পরীক্ষার ফলাফলের পরের দিন সকাল ১০:০০ ঘটিকায় স্ব স্ব বিদ্যালয়ে কোটার স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রসহ প্রধান শিক্ষকের নিকট সাক্ষাৎকার-এ উপস্থিত হতে হবে। প্রয়োজনীয় কাগজপত্র প্রদর্শনে ব্যর্থ হলে তারা ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। সেক্ষেত্রে অপেক্ষমান তালিকা থেকে শূণ্য আসন পূরণ করা হবে।

ঢাকা মহানগরীর সরকারি মাধ্যমিক বিদ্যালয় সমূহকে ০৩টি গ্রুপে বিভক্ত করে গ্রুপ ভিত্তিক বিদ্যালয়ের নাম, ক্যাচমেন্ট এরিয়া এবং যে সকল শিফট ও শ্রেণিতে ভর্তি করা হবে তা নিম্নে প্রদত্ত হল।

গ্রুপ A (এ)	যে সব শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে।				ক্যাচমেন্ট এরিয়া (থানা)
	প্রভাতি শাখা		দিবা শাখা		
	শ্রেণি বালক/বালিকা	শ্রেণি বালক/বালিকা	শ্রেণি বালক/বালিকা	শ্রেণি বালক/বালিকা	
১. গবর্নমেন্ট ল্যারেটরি হাই স্কুল, ঢাকা।	১ম শ্রেণি ২য় শ্রেণি ৬ষ্ঠ শ্রেণি ৯ম শ্রেণি(ব্যবসা)	বালক বালক বালক বালক	১ম শ্রেণি ২য় শ্রেণি ৬ষ্ঠ শ্রেণি ৯ম শ্রেণি(বিজ্ঞান)	বালক বালক বালক বালক	নিউমার্কেট, ধানমন্ডি, শাহবাগ, রমনা, কলাবাগান, হাজারীবাগ, লালবাগ
২. তেজগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, ঢাকা	১ম শ্রেণি ২য় শ্রেণি ৩য় শ্রেণি ৪র্থ শ্রেণি ৫ম শ্রেণি ৬ষ্ঠ শ্রেণি ৭ম শ্রেণি ৮ম শ্রেণি ৯ম শ্রেণি(বিজ্ঞান) ৯ম শ্রেণি(ব্যব.শিক্ষা)	বালিকা বালিকা বালিকা বালিকা বালিকা বালিকা বালিকা বালিকা বালিকা বালিকা	৩য় শ্রেণি ৪র্থ শ্রেণি ৫ম শ্রেণি ৬ষ্ঠ শ্রেণি ৭ম শ্রেণি ৮ম শ্রেণি ৯ম শ্রেণি(বিজ্ঞান) ৯ম শ্রেণি(ব্যব.শিক্ষা)	বালক বালক বালক বালক বালক বালক বালক বালক	তেজগাঁও, তেজগাঁও শিল্পাঞ্চল, শাহবাগ, কলাবাগান, রমনা, গুলশান, শেরেবাংলা নগর
৩. মতিঝিল সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ঢাকা।	৩য় শ্রেণি ৮ম শ্রেণি ৯ম শ্রেণি(ব্যব. শিক্ষা)	বালিকা বালিকা বালিকা	৩য় শ্রেণি ৬ষ্ঠ শ্রেণি(স:প্রা:বি:) ৯ম শ্রেণি(বিজ্ঞান)	বালিকা বালিকা বালিকা	শাহজাহানপুর, মতিঝিল, রমনা, পল্টন, সবুজবাগ, খিলগাঁও, মুগদা
৪. খিলগাঁও সরকারি উঃ বিঃ, ঢাকা	১ম শ্রেণি ২য় শ্রেণি ৫ম শ্রেণি ৬ষ্ঠ শ্রেণি(স:প্রা:বি:)	বালক বালক বালক বালক	৬ষ্ঠ শ্রেণি ৭ম শ্রেণি ৯ম শ্রেণি(বিজ্ঞান)	বালক বালক বালক	খিলগাঁও, সবুজবাগ, রামপুরা, মুগদা, শাহজাহানপুর, মতিঝিল
৫. নবাবপুর সরকারি উঃ বিঃ, ঢাকা	২য় শ্রেণি ৩য় শ্রেণি ৪র্থ শ্রেণি ৫ম শ্রেণি ৬ষ্ঠ শ্রেণি(স:প্রা:বি:)	বালক বালক বালক বালক বালক	২য় শ্রেণি ৩য় শ্রেণি ৪র্থ শ্রেণি ৫ম শ্রেণি ৬ষ্ঠ শ্রেণি ৭ম শ্রেণি ৮ম শ্রেণি ৯ম শ্রেণি(বিজ্ঞান) ৯ম শ্রেণি(ব্যব.শিক্ষা)	বালক বালক বালক বালক বালক বালক বালক বালক	কোতয়ালী, ওয়ারী, বংশাল, সূত্রাপুর,

